



North Central London
Integrated Care System

NHS

চোখ (অপথালমোলজি) সার্জারির প্রস্তাব

তথ্য সম্বলিত লিফলেট



নর্থ সেন্ট্রাল লন্ডনে (NCL) চোখের সার্জারির পরিকল্পনা করা কিছু রোগীর ক্ষেত্রে স্থানীয় NHS পরিবর্তনের প্রস্তাব দিয়েছে, যাতে আমরা বছরে আনুমানিক 3,000টি অতিরিক্ত চোখের সার্জারি সম্পাদন করতে পারি এবং কিছু রোগীর জন্য সাইট সেভিং সার্জারির অপেক্ষার সময় 4 সপ্তাহ পর্যন্ত হ্রাস করা যায়।



আমাদের সুপারিশ, পিডিএফ ভিউয়াররা যেন
পছন্দের উচ্চ কন্ড্রাস্টযুক্ত রং ব্যবহার করেন।

রোগীরা বর্তমানে NCL-এ কোথায় চোখের সার্জারির পরিকল্পনা করেছেন?

1. এজঅয়্যার কমিউনিটি হসপিটালে দ্য রয়্যাল ফ্রি লন্ডন NHS ফাউন্ডেশন, রয়্যাল ফ্রি হসপিটাল, চেজ ফার্ম হসপিটাল বা হুইটিংটন হসপিটাল
2. নর্থ মিডলসেক্স ইউনিভার্সিটি হসপিটাল NHS ট্রাস্ট
3. মুরফিল্ডস আই হসপিটালে (সিটি রোড ক্যাম্পাস) মুরফিল্ডস আই হসপিটাল NHS ফাউন্ডেশন ট্রাস্ট অথবা সেন্ট অ্যানের হসপিটালে মুরফিল্ডস আই ইউনিট। সেন্ট অ্যানের হসপিটালে মুরফিল্ডস আই ইউনিট বা পটারস বার কমিউনিটি হসপিটালে মুরফিল্ডস ইউনিট
4. স্বতন্ত্র সেক্টর প্রদানকারীরা NHS-এর জন্য পরিষেবা প্রদানের জন্য চুক্তিবদ্ধ



কেন পরিবর্তনগুলোর প্রস্তাব দেওয়া হচ্ছে?

পরিকল্পিত সেবার জন্য অপেক্ষা করার তালিকার মোকাবিলা করার জন্য NHS কঠোর পরিশ্রম করে চলেছে, যা কোভিড-19 মহামারীর প্রভাবের জেরে আরো শোচনীয় হয়ে গিয়েছিল।

NCL-এ ভালো অগ্রগতি হয়েছে এবং সেবা পাবার জন্য দীর্ঘ সময় ধরে অপেক্ষা করা লোকজনের সংখ্যা উল্লেখযোগ্যভাবে কমেছে।

এই সমস্ত প্রচেষ্টা সত্ত্বেও, সার্জারির জন্য অপেক্ষা করার তালিকা বেড়েই চলেছে। এর কারণ আমরা যত সংখ্যক লোকজনের সার্জিক্যাল প্রক্রিয়া সম্পন্ন করছি, তার চেয়ে বেশি মানুষের সার্জারির প্রয়োজন হচ্ছে।

লোকজন যত দীর্ঘ সময় ধরে অপেক্ষা করবে, ততই তাদের স্বাস্থ্যের অবনতি ঘটবে এবং তাদের প্রয়োজনীয় জটিল চিকিৎসার প্রয়োজন বৃদ্ধি পাবে। এটি তাদের কাজ করার সামর্থ্য, তাদের কমিউনিটির সাথে সংযুক্ত হওয়া, অন্যদের সেবা নেওয়া এবং নিজেদের জীবনকে সম্পূর্ণ উপভোগ করার উপর প্রভাব ফেলতে পারে।



আমরা এটির মোকাবিলায় সমস্ত রকমের প্রচেষ্টা চালাতে চাই এবং আরো বেশি চোখের সার্জারি প্রক্রিয়া সম্পন্ন করতে ও অপেক্ষা করার সময় হ্রাস করতে সাহায্য করার জন্য এই প্রস্তাবগুলো তৈরি করেছি।

প্রস্তাবিত পরিবর্তনগুলো কী কী?

দুটি পরিবর্তনের প্রস্তাব দেওয়া হয়েছে, যা সার্জিক্যাল কার্যকারিতাকে আরো উন্নত করবে এবং অতিরিক্ত চোখ সার্জারির প্রক্রিয়া সম্পন্ন করতে আমাদের সাহায্য করবে এবং অপেক্ষা করার সময় হ্রাস করবে:

1. এজঅয়্যার কমিউনিটি হসপিটালে সাধারণত প্রাপ্তবয়স্কদের চোখের (অপথালমোলজি) সার্জারির জন্য হাব তৈরি করতে হলে ছানির মতো অবস্থা (কম জটিলতা) থাকতে হবে। এর মাধ্যমে বর্তমানে হুইটিংটনে প্রদান করা সমস্ত চোখ সার্জারি এবং রয়্যাল ফ্রি হসপিটাল এবং চেজ ফার্ম হসপিটালের কিছু কাজকর্মকে একত্রিত করা সম্ভব হবে, যেখানে অনেক বেশি সার্জিক্যাল প্রক্রিয়া সম্পন্ন করা যায়।
2. যে অল্প কিছু জটিল চোখ সার্জারি প্রক্রিয়া অন্য বিশেষজ্ঞদের সাহায্যে সম্পন্ন করা দরকার, সেগুলো চেজ ফার্ম এবং রয়্যাল ফ্রি হসপিটাল, উভয় জায়গাতেই থাকবে।

রোগীরা টেস্ট এবং আউটপেশেন্ট অ্যাপয়েন্টমেন্টের জন্য তাদের স্থানীয় বা পছন্দের হাসপাতাল থেকে সেবা পেতে পারেন এবং আগের মতোই সেবার জন্য কোন NHS ট্রাস্টে তাদেরকে রেফার করা হবে, তা বেছে নিতে পারেন।

নর্থ মিডলসেক্স ইউনিভার্সিটি হসপিটালে এবং NCL-এ উভয় মুরফিল্ডস সাইটে (সিটি রোড ক্যাম্পাস এবং সেন্ট অ্যানের হসপিটাল) চালু থাকা পরিকল্পিত চোখের সার্জারি সংক্রান্ত সেবাগুলো চলতে থাকবে এবং স্বতন্ত্র সেক্টর প্রদানকারীরা NHS-এর জন্য পরিষেবা প্রদানের জন্য চুক্তিবদ্ধ।

রোগীরা কিভাবে উপকৃত হবেন?

রোগীদের কাছে কোনটা সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ, তা বুঝতে আমরা বর্তমানের প্রাসঙ্গিক পেশেন্ট এনগেজমেন্ট পর্যালোচনা করেছি এবং এটা জানা গিয়েছে যে দ্রুত চিকিৎসার জন্য রোগীরা দূরে যেতেও ইচ্ছুক। আমাদের সার্জিক্যাল প্রক্রিয়া সম্পন্ন করার সামর্থ্য বাড়ানোর মাধ্যমে আমরা হিসাব করেছি যে কিছু রোগীর জন্য এটি অপেক্ষা করার সময় চার সপ্তাহ পর্যন্ত কমিয়ে দেবে।



প্রস্তাবের ব্যাপারে আমি কিভাবে নিজের মতামত শেয়ার করতে পারি?

আপনার মতামত শেয়ার করার জন্য:

- একটি সংক্ষিপ্ত অনলাইন সমীক্ষা সম্পন্ন করুন nclhealthandcare.org.uk/eyesurgery অথবা কোনো প্রিন্ট করা কপির জন্য হলে, নীচের বিবরণ ব্যবহার করে আমাদের সাথে যোগাযোগ করুন।
- ইমেইল nclibc.surgicalhubs@nhs.net
- 'Freepost SURGERY'-কে লিখুন (স্ট্যাম্প বা পোস্টকোডের প্রয়োজন নেই)
- ফোন **020 4518 7132**
- নীচের বিবরণ ব্যবহার করে, আপনার গ্রুপে কথা বলার জন্য প্রোগ্রাম টিমকে আমন্ত্রণ জানান।

আপনার যদি অন্য ফরম্যাটে তথ্য অথবা মতামত দেওয়ার জন্য তথ্যের প্রয়োজন হয়, তাহলে অনুগ্রহ করে আমাদের সাথে যোগাযোগ করুন।

21 আগস্ট থেকে 16 অক্টোবর 2023 পর্যন্ত ফিডব্যাক দেওয়ার সুযোগ পাওয়া যাবে।



কোথায় আমি আরো তথ্য পেতে পারি?

প্রস্তাবের ব্যাপারে আরো তথ্য NCL হেলথ এবং কেয়ার ওয়েবসাইটে nclhealthandcare.org.uk/eyesurgery

পাওয়া যাবে। আপনার কোনো প্রশ্ন থাকলে, অনুগ্রহ করে আমাদের সাথে যোগাযোগ করুন।